বণিক বার্তা

# উত্তরা ইউনিভার্সিটিতে জাতীয় গ্রন্থাগার দিবস পালিত

প্রকাশ: বৃহস্পতিবার ৬ ফেব্রুয়ারি ২০২৫, ০৩:২৩

Source: https://bonikbarta.com/




**‘সমৃদ্ধ হোক গ্রন্থাগার, এই আমাদের অঙ্গীকার’—এ প্রতিপাদ্যে উত্তরা ইউনিভার্সিটিতে পালিত হয়েছে ‘জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫’।**

‘সমৃদ্ধ হোক গ্রন্থাগার, এই আমাদের অঙ্গীকার’—এ প্রতিপাদ্যে উত্তরা ইউনিভার্সিটিতে পালিত হয়েছে ‘জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫’। এ উপলক্ষে গতকাল বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী, আইটি পরিচালক মো. এহসানুল হক, এইচআর পরিচালক খন্দকার সাইফুল ইসলাম, জয়েন্ট লাইব্রেরিয়ান (ইনচার্জ) নুর আহমদ এবং ডেপুটি পরিচালক মো. মাহফুজ-উল হকসহ শিক্ষক-শিক্ষার্থীরা।